

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

০৪ বৈশাখ, ১৪২৪

নং ৩৯.০০.০০০০.০১২.০২.০০৯.১৭-১৬৮

তারিখ:

১৭ এপ্রিল, ২০১৭

বিজ্ঞপ্তি

বিষয়: ২০১৭-২০১৮ অর্থ বছরে এমএস, এমফিল, পিএইচডি এবং পোস্টডক্টরাল কোর্সে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকদের নিকট থেকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদন আহ্বান।

২০১৭-২০১৮ অর্থ বছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদানের জন্য সরকার কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ গবেষণা প্রতিষ্ঠান/ইনস্টিটিউট-এর অধীনে (i) ভৌত, জৈব ও অজৈব বিজ্ঞান, প্রকৌশল ও পরিবেশ বিজ্ঞান, নবায়নযোগ্য শক্তি বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ন্যানোটেকনোলজি লাগসই প্রযুক্তি, (ii) জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান, (iii) খাদ্য ও কৃষি বিজ্ঞান বিষয়ে ২০১৭-২০১৮ সেশনে এমএস, এমফিল, পিএইচডি ও পোস্টডক্টরাল কোর্সে অধ্যয়নরত/ গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকদের এবং পূর্ববর্তী বছরে ফেলোশিপপ্রাপ্ত এমফিল গবেষকদের ২য় বছর এবং পিএইচডি গবেষকদের নিকট থেকে ২য় ও ৩য় বছরের ফেলোশিপ নবায়নের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদন অনলাইনেও করা যাবে।

২। ফেলোশিপ নীতিমালা, আবেদনপত্রের ফরম এবং আবেদনের সঙ্গে প্রয়োজনীয় তথ্যাদি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে www.most.gov.bd পাওয়া যাবে।


৩। আবেদনের সঙ্গে নিম্নোক্ত ডকুমেন্টস সংযুক্ত করতে হবে:

- (i) সাম্প্রতিক ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- (ii) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মার্কশিটের সত্যায়িত কপি;
- (iii) বিশ্ববিদ্যালয়ে এমএস (মাস্টার্স), এমফিল, পিএইচডি ও পোস্টডক্টরাল কোর্সে ভর্তি সংশ্লিষ্ট কাগজপত্রসহ ভর্তির রশিদ;
- (iv) “আবেদনকারী একজন সার্বক্ষণিক শিক্ষার্থী/গবেষক” মর্মে সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র (বিভাগীয় প্রধানের পুরো নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা সহ);
- (v) তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতীক্ষাক্রমিত প্রস্তাবিত গবেষণা প্রকল্পের সংক্ষিপ্তসার (তত্ত্বাবধায়কের নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা সহ);
- (vi) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠানে চাকুরিজীবীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষা/ গবেষণার অনুমতিপত্র, শিক্ষা ছুটি, প্রেষণ মঞ্জুরের অনুলিপি;
- (vii) পোস্টডক্টরাল ফেলোশিপের জন্য সকল কাগজপত্রের সঙ্গে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান থেকে আমন্ত্রণপত্র (Invitation Letter); এবং
- (viii) সরকারি/বেসরকারি সকল প্রার্থীকে “অন্য কোন সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান থেকে উক্ত শিক্ষা/ গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না” মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঘোষণাপত্র।

৪। যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্র (সংযুক্ত কাগজপত্রসহ) আগামী ১৬ জুলাই ২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর রেজিস্টার্ড ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ/নীতিমালার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৫। যোগ্যতা ও গবেষণা প্রস্তাবের মান বিবেচনা করে স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে ফেলোশিপ প্রদান করা হবে। যে কোন রকম অনুরোধ/ ব্যক্তিগত যোগাযোগ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

৬। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।


সুশীল কুমার পাল
সহকারী সচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ভবন নং-৬, কক্ষ নং-৯১৯ (দশম তলা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ফোন: ৯৫৫৯৯৩১
E-mail: section12@most.gov.bd

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ আবেদন ছক

আবেদনকারীর ধরণ:

(ক) সার্বক্ষণিক শিক্ষার্থী/গবেষক

দুই কপি ছবি

(ক) সাধারণ তথ্য

০১।	আবেদনকারীর নাম	বাংলায়:
		ইংরেজিতে:
০২।	পিতার নাম:	
০৩।	মাতার নাম:	
০৪।	জন্ম তারিখ:	
০৫।	আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে বয়স:	
০৬।	জাতীয়তা :	
০৭।	আবেদনকারীর ঠিকানা :	
স্থায়ী ঠিকানা :		বর্তমান ঠিকানা (*নিজ মোবাইল নম্বরসহ) :

০৮। শিক্ষাগত যোগ্যতা (এস,এস,সি হতে):

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম	পাশের বৎসর	বিভাগ/শ্রেণী GPA/CGPA.....	প্রধান প্রধান পঠিত বিষয়সমূহ
				
				
				

(খ) শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা সংক্রান্ত তথ্যাবলি

০৯। শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

১০। ভর্তির তারিখ ও রেজিস্ট্রেশন নম্বর:

১১। অধ্যয়ন/গবেষণার পর্যায়(প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন):

ক) লাগসই প্রযুক্তি গবেষণা :

(খ) স্নাতকোত্তর (মাস্টার্স) এম,এস : ১ম বছর

(গ) এমফিল : ১ম বছর- ২য় বছর

(ঘ) পিএইচডি : ১ম বছর- ২য় বছর ৩য় বছর

(ঙ) পোস্টডক্টরাল গবেষণা :

১২। ফেলোশিপের গবেষণার বিষয় (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন)

(ক) ভৌত, জৈব ও অজৈব বিজ্ঞান, প্রকৌশল ও পরিবেশ বিজ্ঞান, নবায়নযোগ্য শক্তি বিজ্ঞান,

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ন্যানোটেকনোলজি ও লাগসই প্রযুক্তি;

(খ) জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান; এবং

(গ) খাদ্য ও কৃষি বিজ্ঞান।

১৩। প্রস্তাবিত গবেষণা প্রকল্পের নাম:

*ক) বাংলায়:
(খ) ইংরেজিতে:

১৪। তত্ত্বাবধায়ক/বিভাগীয় প্রধান সংক্রান্ত তথ্যাদি:

তত্ত্বাবধায়কের নাম ও দাপ্তরিক ঠিকানা (মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ)	বিভাগীয় প্রধানের নাম ও দাপ্তরিক ঠিকানা (মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ)

১৫। আবেদনকারীর ঘোষণা : আমি -----পিতা:----- ঘোষণা করছি যে, উপরোক্ত বিবরণাদি সত্য ও সঠিক। ইহাতে কোন ভুল তথ্য প্রদান করা হয়নি।

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

১৬। গবেষণা তত্ত্বাবধায়কের প্রত্যয়ন (প্রয়োজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন এবং বাকী শব্দ কেটে দিন)

আমি প্রত্যয়ন করছি যে, আবেদনকারী/জনাব/বেগম ----- আমার

তত্ত্বাবধানে ১৩নং ক্রমিক উল্লিখিত বিষয়ে গবেষণারত আছেন এবং তার প্রস্তাবিত প্রকল্পের কাজ পরিচালনার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ অন্যান্য সুযোগ-সুবিধা আমার/আমাদের প্রতিষ্ঠানে রয়েছে। আবেদনকারী এমএস/এমফিল/পিএইচডি কোর্সে ১ম/২য়/৩য় বছরে অধ্যয়নরত/গবেষণারত আছেন/গবেষণাকার্য সম্পন্ন করেছেন। আবেদনকারীকে ফেলোশিপ প্রদানের জন্য/ফেলোশিপ নবায়নের জন্য আমি নিম্নস্বাক্ষরকারী সুপারিশ করছি।

তারিখ:

তত্ত্বাবধায়কের স্বাক্ষর ও নামসহ সীলমোহর

১৭। বিভাগীয় প্রধানের সত্যায়ন:

আবেদনকারী কর্তৃক প্রদত্ত উপরোক্ত তথ্যাবলী সঠিক। আবেদনকারীকে ফেলোশিপ প্রদানের জন্য/নবায়নের জন্য সুপারিশ করা হলো।

তারিখ:

বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও নামসহ সীলমোহর

(খ) চাকুরিজীবী প্রার্থীদের তথ্য

১৮। নিয়োগকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	
১৯। বর্তমান পদবী	
২০। বর্তমান কর্মস্থল ও ঠিকানা	
২১। অধ্যয়ন/গবেষণার জন্য কি ধরনের অনুমতি পাওয়া গেছে (অধ্যয়নের অনুমতি/শিক্ষা ছুটি/প্রেষণ)	

(গ) নবায়নের জন্য আবেদনকারীর তথ্য

২২। ফেলোশিপ প্রাপ্তির বছর	
২৩। ফেলোশিপ প্রাপ্তির সরকারি পত্রের তারিখ ও স্মারক নম্বর এবং উক্ত পত্রে আবেদনকারীর ক্রমিক নম্বর	
২৪। ফেলোশিপের ধরণ ও মাসিক হার	
২৫। ফেলোশিপ প্রাপ্তির পর জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সেমিনার উপস্থাপনের সংখ্যা	
২৬। ফেলোশিপ প্রাপ্তির পর জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গবেষণা প্রবন্ধ প্রকাশনার সংখ্যা	
২৭। নতুন করে ফেলোশিপ নবায়নের কারণ	

আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:

- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মার্কশিটের সত্যায়িত কপি;
- (খ) সাম্প্রতিক ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত কপি;
- (গ) বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট কোর্সে ভর্তির কাগজপত্র ও ভর্তির রশিদ;
- (ঘ) “আবেদনকারী একজন সার্বক্ষণিক শিক্ষার্থী/গবেষক” মর্মে শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র (প্রত্যয়নপত্রে বিভাগীয় প্রধানের পুরো নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা থাকতে হবে);
- (ঙ) তত্ত্বাবধায়কের নাম ও দাপ্তরিক সীলমোহরসহ প্রতীস্বাক্ষরিত প্রস্তাবিত গবেষণা প্রস্তাবের সংক্ষিপ্ত-সার (প্রকল্প প্রস্তাবে প্রকল্পের নাম, প্রকল্প গ্রহণের কারণ, প্রকল্পের উদ্দেশ্য ও সংক্ষিপ্ত বিবরণ, অর্থনৈতিক গুরুত্ব, গবেষণার মেয়াদ ইত্যাদি অর্থাৎ-Introduction, objective, Methodology, Time frame, Socio-economic Importance and Conclusion উল্লেখ থাকবে);
- (চ) সরকারি/বেসরকারি সকল প্রার্থীকে “অন্য কোন সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান থেকে উক্ত গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না” মর্মে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ঘোষণাপত্র;
- (ছ) সরকারি,আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থা অথবা বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠানে চাকুরীজীবীগণকে যথাযথ কর্তৃপক্ষের সার্বক্ষণিক শিক্ষা/গবেষণার অনুমতিপত্র এবং শিক্ষা ছুটি/প্রেষণ মঞ্জুর সংক্রান্ত পত্রের অনুলিপি;
- (জ) ইতোপূর্বে আবেদন করেন নাই এরূপ এম,ফিল/পিএইচডিতে ২য় বছরে অধ্যয়নরত /গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকগণ ফেলোশিপের জন্য আবেদন করলে উপরোক্ত কাগজপত্রের সাথে ১ম বছরের সম্পাদিত কাজের সন্তোষজনক অগ্রগতির স্বপক্ষে তত্ত্বাবধায়কের প্রত্যয়ন, তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতীস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহল প্রতিবেদন, এক বা একাধিক গবেষণা সংক্রান্ত সেমিনার প্রদানের অভিজ্ঞতা অথবা প্রথম বছরের পরীক্ষায় সন্তোষজনক ফলাফল বিবরণী;
- (ঝ) ইতোপূর্বে আবেদন করেন নাই এরূপ পিএইচডিতে ৩য় বছরে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকগণ ফেলোশিপের জন্য আবেদন করলে উপরোক্ত কাগজপত্রের সাথে ১ম দুই বছরের সম্পাদিত কাজের সন্তোষজনক অগ্রগতির স্বপক্ষে তত্ত্বাবধায়কের প্রত্যয়ন, তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতীস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহল প্রতিবেদন, এক বা একাধিক গবেষণা সংক্রান্ত সেমিনার প্রদানের অভিজ্ঞতা, দেশী/বিদেশী পিয়ার রিভিউ (Peer Review) জার্নালে (অনলাইন জার্নাল ব্যতিত) এক বা একাধিক গবেষণা প্রবন্ধ প্রকাশনা; এবং
- (ঞ) পোস্টডক্টরাল ফেলোশিপের জন্য অন্যান্য কাগজপত্রের সাথে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানের আমন্ত্রণপত্র।

২৯। নবায়নের জন্য নিম্নবর্ণিত কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে:

- (ক) ফেলোশিপপ্রাপ্ত এমফিল/পিএইচডিতে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকগণের ২য় বছরে ফেলোশিপ নবায়নের ক্ষেত্রে:
 - (i) ফেলোশিপ প্রাপ্তির সরকারি পত্রের অনুলিপি;
 - (ii) ১ম বছরের সম্পাদিত কাজের সন্তোষজনক অগ্রগতির স্বপক্ষে তত্ত্বাবধায়কের প্রত্যয়ন;
 - (iii) তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতীস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহল প্রতিবেদন; এবং
 - (iv) এক বা একাধিক গবেষণা সংক্রান্ত সেমিনার প্রদানের অভিজ্ঞতা অথবা প্রথম বছরের পরীক্ষায় সন্তোষজনক ফলাফল বিবরণী।
- (খ) ফেলোশিপপ্রাপ্ত পিএইচডিতে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকগণ ৩য় বছরে ফেলোশিপ নবায়নের ক্ষেত্রে:
 - (i) ফেলোশিপ প্রাপ্তির সরকারি পত্রের অনুলিপি;
 - (ii) ১ম দুই বছরের সম্পাদিত কাজের সন্তোষজনক অগ্রগতির স্বপক্ষে তত্ত্বাবধায়কের প্রত্যয়ন;
 - (iii) তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতীস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহল প্রতিবেদন;
 - (iv) এক বা একাধিক গবেষণা সংক্রান্ত সেমিনার প্রদানের অভিজ্ঞতা;
 - (v) দেশী/বিদেশী পিয়ার রিভিউ (Peer Review) জার্নালে (অনলাইন জার্নাল ব্যতিত) এক বা একাধিক গবেষণা প্রবন্ধ প্রকাশনা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- (গ) পোস্টডক্টরাল ফেলোশিপপ্রাপ্ত গবেষককে ২য় ছয় মাসের জন্য ফেলোশিপ নবায়নের ক্ষেত্রে (বিশেষক্ষেত্রে):
 - (i) তত্ত্বাবধায়ক/সংশ্লিষ্ট কমিটি কর্তৃক ১ম ছয় মাসের গবেষণা কর্মের সন্তোষজনক অগ্রগতির স্বপক্ষে প্রত্যয়ন;
 - (ii) তত্ত্বাবধায়ক কর্তৃক প্রতীস্বাক্ষরিত সম্পাদিত কাজের তথ্যবহল প্রতিবেদন; এবং
 - (iii) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুপারিশ দাখিল।

(বি: দ্র: আবেদনকারীকে অবশ্যই তাঁর নিজ মোবাইল নম্বর দিতে হবে)

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের জন্য আবেদনকারী কর্তৃক প্রস্তাবিত গবেষণার নিমিত্ত অন্য কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের নিকট থেকে ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না মর্মে ঘোষণাপত্র

ঘোষণাপত্র

(নমুনা)

আমি.....পিতা.....
শ্রেণি ----- বছর (১ম/২য়/ ৩য়),
শিক্ষাবর্ষ.....রোল নং..... বিভাগ (Department.....
প্রস্তাবিত গবেষণার বিষয়.....
শিক্ষা প্রতিষ্ঠানের নাম.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ২০১৭-২০১৮ অর্থ বছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের জন্য একজন আবেদনকারী। আমি এ মর্মে ঘোষণা করছি যে, প্রস্তাবিত গবেষণার জন্য অন্যকোন সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠান থেকে কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করি না।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

সাক্ষীর স্বাক্ষর ও তারিখ:

সাক্ষীর পূর্ণ নাম: -----

পিতার নাম: -----

পূর্ণ ঠিকানা :-----